

সেন্টমার্টিন সৈকত থেকে ১২০০ কেজি প্লাস্টিকের বর্জ্য অপসারণ

✍ উপজেলা প্রতিনিধি টেকনাফ (কক্সবাজার)

🕒 প্রকাশিত: ০৫:৪০ এএম, ২২ ডিসেম্বর ২০২৪



সেন্টমার্টিন দ্বীপের সমুদ্র সৈকতে পরিচ্ছন্নতা অভিযানে ১২০০ কেজি প্লাস্টিকের বর্জ্য অপসারণ করা হয়েছে। ইউনিলিভার বাংলাদেশের সহযোগিতায় দুই দিনব্যাপী ‘কেওক্রাডং বাংলাদেশ’ নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন এই পরিচ্ছন্নতা অভিযান চালায়।

শুক্র ও শনিবার দুই দিনব্যাপী দ্বীপের সমুদ্র সৈকতে এ কার্যক্রম চালানো হয়। এতে বাংলাদেশ কোস্টগার্ড, স্থানীয়রাসহ সারাদেশের বিভিন্ন পেশাজীবী এবং সেন্টমার্টিনের স্কুল-মাদরাসার শিক্ষার্থীরা অংশ নেন।

দুই দিনব্যাপী এ কার্যক্রমে শনিবার (২১ ডিসেম্বর) সকালে সেন্টমার্টিনের অলিগলি ও সমুদ্র সৈকতের বিভিন্ন পয়েন্ট থেকে প্লাস্টিক বোতল, প্লাস্টিকের প্যাকেটসহ নানান ধরনের অপচনশীল ময়লা-আবর্জনা সংগ্রহ করা হয়। এতে নেতৃত্ব দেয় ‘কেওক্রাডং বাংলাদেশ’ নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন। এর আগেও সংগঠনটির উদ্যোগে দ্বীপে এ ধরনের কার্যক্রম বাস্তবায়ন



করা হয়েছিল। এটি তাদের ১৩তম উদ্যোগ।

সেন্টমার্টিন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুজিবুর রহমান বলেন, স্বেচ্ছাসেবী সংগঠন ‘কেওক্রাডং বাংলাদেশ’ প্রতিবছরের মতো এবারও উপকূলে পরিচ্ছন্নতা অভিযান চালিয়েছে। এটি সেন্টমার্টিন দ্বীপের জন্য খুব উপকারী কাজ।

জাগোনিউজের খবর পেতে ফলো করুন আমাদের গুগল নিউজ চ্যানেল।

কেওক্রাডং বাংলাদেশের সমন্বয়কারী মুনতাসির মামুন বলেন, সেন্টমার্টিনের মতো ছোট দ্বীপে পড়ে থাকা প্লাস্টিক যদি মূল ভূখণ্ডে নিয়ে আসা না হয়, তাহলে এর পরিণাম শুধু এই দ্বীপের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না; ছড়িয়ে পড়বে বঙ্গোপসাগরে। সেই পরিণামকে যতটা সম্ভব সীমিত করা যায়, সেজন্যই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস।

জাহাঙ্গীর আলম/এসআর

